# ফিলিস্তিনের স্বাধীনতার সংগ্রামে বাংলাদেশের তরুণরা অটল: রাষ্ট্রদূতের সঙ্গে এনসিপি নেতাদের বৈঠক



সংগৃহীত ছবি

রাজধানীতে ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদানের সঙ্গে সাক্ষাৎ করেছেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর নেতারা। এ সময় ফিলিস্তিনের স্বাধীন রাষ্ট্র প্রতিষ্ঠায় বাংলাদেশের জনগণের অবিচল সমর্থনের কথা তুলে ধরা হয় এবং ফিলিস্তিনি শিক্ষার্থীদের জন্য বাংলাদেশে উচ্চশিক্ষার সুযোগ বাড়ানোর প্রতিশ্রুতি ব্যক্ত করা হয়।

রোববার (১৭ আগস্ট) রাজধানীর বারিধারায় ফিলিস্তিনের রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদানের বাসভবনে এক সৌজন্য সাক্ষাৎ করেন জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর নেতারা। বৈঠকে অংশ নেন এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম, সিনিয়র যুগ্ম সদস্য সচিব নাহিদা সারোয়ার চৌধুরী নিভা এবং যুগ্ম সদস্য সচিব আলাউদ্দীন মোহাম্মদ।

আলোচনায় নাহিদ ইসলাম বলেন, বাংলাদেশের তরুণ প্রজন্ম সবসময় ফিলিস্তিনের ন্যায়সংগত সংগ্রামের পাশে ছিল এবং ভবিষ্যতেও থাকবে। তিনি বাংলাদেশে ফিলিস্তিনি শিক্ষার্থীদের জন্য আরও শিক্ষা সুযোগ সৃষ্টির উদ্যোগ নেওয়ার প্রত্যয় ব্যক্ত করেন।

রাষ্ট্রদূত ইউসুফ এস ওয়াই রামাদান এনসিপি নেতাদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ ও ফিলিস্তিনের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক সময়ের সঙ্গে আরও সুদৃঢ় হবে।

LENS ASIA